48

দৈনিক ইনকিলাব

তারিখ 30 NOV 1992
পৃষ্ঠা 9 কলাম 5

# শিক্ষা মন্ত্রণালয় সংক্রান্ত স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত

শিক্ষা মন্ত্রণালয় সংক্রান্ত সংসদীয় স্থায়ী কমিটির এক সভা গতকাল জাতীয় সংসদ ভবনে অনুষ্ঠিত হয়। শিক্ষামন্ত্রী ব্যারিস্টার জমির উদ্দিন সরকার সভায় সভাপতিত্ব করেন। সভায় এসএসসি পর্যায়ে নৈর্ব্যক্তিক প্রশ্নপত্র পদ্ধতি নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

সভায় ১৯৭৩ সালের বিশ্ববিদ্যালয় অধ্যাদেশকে যুগোপযোগী, আধুনিক ও বাস্তবমুখী করে তোলা এবং শিক্ষার সার্বিক মান উন্নয়নের লক্ষ্যে ছাত্র, শিক্ষক, অভিভাবক, শিক্ষাবিদ, বিদ্যোৎসাহী ব্যক্তি ও সর্বস্তরের জনগণের মতামত ও পরামর্শ গ্রহণের সিদ্ধান্ত নেয়া হয়। সভায় এ বিষয়ে আগামী ৩১ জানুয়ারীর মধ্যে সচিব, শিক্ষা মংত্রণালয় সংক্রান্ত স্থায়ী কমিটি, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, ঢাকা-এর বরাবরে মতামত ও পরামর্শ প্রেরণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়েছে। —তথ্য বিবরণী।

সভায় কমিটির সদস্য মেজর (অবঃ) কামরুল ইসলাম এমপি, মিসেস খুরশীদ জাহান এমপি, মনিরুল হক চৌধুরী এমপি, অধ্যাপক রফিকুল ইসলাম এমপি, মশিউর রহমান এমপি, শাহ রুহুল কুদ্দুস এমপি ও আবদুর রব মিয়া এমপি যোগদান করেন।

শিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মিসেস খোদেজা আজম, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা মহা-পরিচালক অধ্যাপক ইউনুস মিয়া, শিক্ষা মন্ত্রণালয়ের পরিকল্পনা প্রধান ডঃ এফ কে চৌধুরী, ঢাকা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক ওবায়দুল হক ও অন্যান্য পদস্থ কর্মকর্তাগণ সভায় উপস্থিত ছিলেন।